**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# প্রাণঘাতী ঝড়ের দ্বারা ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার জন্য গভর্নর হোকলের ঘূর্ণিঝড় আইডা থেকে পুনরুদ্ধারের কর্মপরিকল্পনা ঘোষণা

*ঘূর্ণিঝড় আইডার কারণে নিউ ইয়র্কের ভূমিধ্বস ঘটার এক বছর পরে ঘোষণাটি এসেছে*

*সহনশীলতা বৃদ্ধির জন্য পুনরুদ্ধার তহবিল সম্পর্কে জনসাধারণের মন্তব্য জানানোর সময়কাল এখন উন্মুক্ত রয়েছে*

*8 সেপ্টেম্বর ও 13 সেপ্টেম্বর শুনানি অনুষ্ঠিত হবে*

এক বছর আগে আঘাত হানা ঘূর্ণিঝড় আইডার ক্ষয়ক্ষতি থেকে পুনরুদ্ধারের জন্য এবং ভবিষ্যতে ঝড়ের ঘটনা মোকাবেলায় কমিউনিটিগুলোর সহনশীলতা শক্তিশালী করতে গভর্নর ক্যাথি হোকল আজ গভর্নরের অফিস অব স্টর্ম রিকভারি (Office of Storm Recovery) কর্তৃক প্রস্তাবিত কর্মপরিকল্পনা প্রকাশিত হওয়ার ঘোষণা দিয়েছেন। প্রস্তাবিত পরিকল্পনাটিতে জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহের সঙ্গে মানিয়ে নিতে অধিবাসীদেরকে সাহায্য করার পাশাপাশি ঐতিহাসিক কাল থেকে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে অগ্রাধিকার প্রদান করবে এমন উদ্যোগগুলোতে সহায়তা করার জন্য 41.2 মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল প্রদান করা অন্তর্ভুক্ত রয়েছে।

"নিউ ইয়র্কবাসীদের ঘূর্ণিঝড় আইডার পরবর্তী ক্ষয়ক্ষতি থেকে পুনরুদ্ধার অব্যাহত রাখার এই সময়ে, আমরা আমাদের অবকাঠামো পুনর্নির্মাণ করার প্রতি পুরোপুরি অঙ্গীকারাবদ্ধ রয়েছি, বিশেষ করে আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলোতে," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের কর্মপরিকল্পনা সবচেয়ে ক্ষতিগ্রস্ত ও বিপর্যয়ের সম্মুখীন হওয়া এলাকাগুলোতে আবাসন ব্যবসা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ কর্মসূচিগুলোর জন্য তহবিল প্রদান করাকে অগ্রাধিকার দেবে, যা আমাদের সেরে উঠার এই সময়ে সব নিউ ইয়র্কবাসীর উঠে দাঁড়ানো নিশ্চিত করতে সাহায্য করবে। জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ মোকাবেলা অব্যাহত রাখার এই সময়ে, আমরা নিউ ইয়র্কবাসীদের এবং তাদের কমিউনিটিগুলোকে চরম বিরূপ আবহাওয়ার পরবর্তী সময়ে পুনরুদ্ধারের ক্ষেত্রে সাহায্য করতে সবরকম প্রচেষ্টা চালিয়ে যাবো।"

গভর্নর আরো ঘোষণা করেছেন যে প্রস্তাবিত বিভিন্ন কর্মসূচি সম্পর্কে স্টেট জনসাধারণের মতামত সংগ্রহ করবে, যেসব কর্মসূচি বসবাসের বাড়িগুলোর আইডার কারণে হওয়া ক্ষয়ক্ষতি

কাটিয়ে উঠতে, ভবিষ্যতে বন্যার ফলে ক্ষয়ক্ষতি হওয়ার ঝুঁকি কমাতে সহনশীলতা উন্নত করতে, এবং নিম্ন- থেকে মধ্যম-আয়ের কমিউনিটিগুলোতে পুনরুদ্ধারের প্রতি মনোযোগী হওয়ার জন্য ভূমিকা রাখবে। নিউ ইয়র্কবাসীদেরকে 28 সেপ্টেম্বর তারিখের মধ্যে এখানে পরিকল্পনাটি সম্পর্কে মতামত প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে, এবং এজন্য 8 সেপ্টেম্বর তারিখে সন্ধ্যা 6:30টার সময় নিউ রোচেল সিটি হলে সরাসরি প্রকাশ্য শুনানিতে উপস্থিত থাকতে, অথবা 13 সেপ্টেম্বর তারিখে সন্ধ্যা 6:30টার সময় ভার্চুয়াল শুনানিতে উপস্থিত থাকতে (ভার্চুয়াল শুনানির তথ্যের জন্য এখানে ক্লিক করুন) অনুরোধ জানানো হয়েছে।

1 সেপ্টেম্বর, 2021 তারিখে, ঘূর্ণিঝড় আইডা বাড়ি ও সড়কগুলো প্লাবিত করার মধ্য দিয়ে 7.5 বিলিয়ন ডলারের ক্ষয়ক্ষতি করে এবং 17 জন নিউ ইয়র্কবাসীর প্রাণহানি ঘটায়। 11,000 বাড়ি বন্যার ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে FEMA শনাক্ত করেছে। এই বসন্তকালের শুরুতে, যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (Department of Housing and Urban Development, HUD) কমিউনিটিগুলোকে ঘূর্ণিঝড় আইডা সহ অন্যান্য দুর্যোগ থেকে সমতাপূর্ণ পুনরুদ্ধারের ক্ষেত্রে, এবং জলবায়ু পরিবর্তনের প্রতি সহনশীলতা গড়ে তুলতে সাহায্য করার জন্য 3 বিলিয়ন ডলারের CDBG-DR তহবিল বরাদ্দ করার ঘোষণা দিয়েছে। আজকের প্রস্তাবিত কর্মসূচিগুলোতে সহায়তার জন্য GOSR-কে 41.2 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে।

এখন থেকে 28 সেপ্টেম্বর পর্যন্ত জনসাধারণের মতামত জানানোর সময়কাল শেষ হওয়ার পরে, মন্তব্য থেকে পাওয়া মতামত ও শুনানিগুলোর উপর ভিত্তি করে GOSR এই কর্মপরিকল্পনা হালনাগাদ করতে পারে। যেকোনো হালনাগাদ তথ্য এখানে পাওয়া যাবে। GOSR-এর তৃণমূল পর্যায়ের, এলাকাভিত্তিক প্রক্রিয়া, যা সুপারস্টর্ম স্যান্ডির পরে প্রকল্পসমূহের পরিকল্পনা করার জন্য ব্যবহৃত হয়েছিল, ব্যবহার করে পাওয়া তথ্য কাজে লাগিয়ে সংস্থাটি এরপর প্রকল্প পরিকল্পনাসমূহ চূড়ান্ত করতে এবং নির্মাণকাজ বাস্তবায়ন করতে স্থানীয় কমিউনিটি, নির্বাচিত কর্মকর্তা, ও স্টেকহোল্ডারদের সঙ্গে কাজ করবে।

**গভর্নরের অফিস অব স্টর্ম রিকভারির এক্সিকিউটিভ ডিরেক্টর ক্যাটি ব্রেনান বলেন,** "ঘূর্ণিঝড় আইডা একটি সুস্পষ্ট রিমাইন্ডার ছিল যে পরবর্তী আবহাওয়াজনিত জরুরি অবস্থা ঘটবে কিনা সে বিষয়ে কোনো প্রশ্ন নেই, বরং কখন ঘটবে সেটাই প্রশ্ন। আমাদের কর্মপরিকল্পনা নিউ ইয়র্কবাসীদেরকে পুনর্নির্মাণ করতে এবং ভবিষ্যতে নিজেদেরকে সুরক্ষিত রাখার জন্য পদক্ষেপ গ্রহণ করতে সাহায্য করবে।"

প্রস্তাবিত কর্মপরিকল্পনাটি স্থানীয় কর্মকর্তা, কমিউনিটি নেতৃবৃন্দ, অলাভজনক সংস্থা, সরকারি আবাসন কর্তৃপক্ষ, এবং অন্যান্য সরকারি সংস্থার সঙ্গে কয়েক মাসব্যাপী প্রচার প্রচেষ্টার ফলাফলের প্রতিফলন। GOSR নির্ণয় করেছে যে আবাসন পুনরুদ্ধার আইডার দ্বারা ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোতে পূরণ না হওয়া সবচেয়ে বড় প্রয়োজনের প্রতিনিধিত্ব করে। সংস্থাটি এরপর দুর্যোগ-কবলিত এলাকার সবচেয়ে বড় প্রশমন চাহিদাগুলো শনাক্ত করার জন্য একটি ঝুঁকি মূল্যায়ন প্রস্তুত করেছে। পানি ও বন্যা সবচেয়ে উল্লেখযোগ্য ঝুঁকি হিসেবে শনাক্ত করা হয়েছে এবং তাই বন্যার প্রভাব কমানো নিরাপত্তা ও সহনশীলতার উপর সবচেয়ে বড় প্রভাব ফেলবে।

সংস্থাটি জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগসমূহের প্রভাবের ঝুঁকি পরিমাপের জন্য সামাজিক ঝুঁকির সূচক (Social Vulnerability Index) ব্যবহার করেছে। এই গবেষণায় দেখা গেছে যে যেসব কমিউনিটি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলো হচ্ছে এমন কমিউনিটি যাদের পুনরুদ্ধারের সানর্থ্য সবচেয়ে কম রয়েছে এবং ঐতিহাসিক কাল থেকে অতীতের দুর্যোগ থেকে পুনরুদ্ধার প্রচেষ্টার সময়ে যথাযথ অগ্রাধিকার পাওয়া থেকে বঞ্চিত হয়েছে, যেমন ইংরেজি ভাষায় সীমিত দক্ষতা রয়েছে এমন ব্যক্তি এবং নিম্ন- থেকে মধ্যম-আয়ের অধিবাসী।

এর ফলে, GOSR ভাড়াটিয়া, বাড়ির মালিক, এবং নিম্ন- থেকে মধ্যম-আয়ের অধিবাসীদের প্রতি মনোযোগী হওয়া সাশ্রয়ী আবাসনের মালিক ও পরিচালকদের টার্গেট করছে এমন দীর্ঘমেয়াদী বিভিন্ন পুনরুদ্ধার ও সহনশীলতা কর্মসূচির জন্য তহবিল প্রদান করবে। দুর্যোগকালীন ব্যক্তিগত সহায়তা প্রদানের প্রেসিডেনশিয়াল ঘোষণা অনুযায়ী ডাচেস, নাসাউ, ওরেঞ্জ, রকল্যান্ড, সাফোক, ও ওয়েস্টচেস্টার কাউন্টি সহ নিউ ইয়র্ক সিটির বাইরের কাউন্টিগুলোর জন্য কর্মসূচিগুলো উন্মুক্ত থাকবে। নিউ ইয়র্ক সিটিও নিজেদের জন্য HUD থেকে কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্র্যান্ট ডিজাস্টার রিকভারি (Community Development Block Grant Disaster Recovery) তহবিল বরাদ্দ পেয়েছে।

প্রস্তাবিত অনুদান কর্মসূচিগুলোর মধ্যে রয়েছে:

## ভাড়াটিয়াদের জন্য সহনশীল আবাসন

এই কর্মসূচি ভাড়াটিয়াদেরকে নতুন নিরাপদ ও স্থিতিশীল আবাসনের ব্যবস্থা করতে আর্থিক সহায়তা প্রদান করার মাধ্যমে ঝড়ের কারণে ক্ষতিগ্রস্ত হওয়া বাড়ি ছেড়ে নিজেদের কমিউনিটির মধ্যেই অন্যত্র স্থানান্তরিত হতে উৎসাহিত করবে। এছাড়াও এটি ভবিষ্যতে বন্যার ঝুঁকি প্রশমিত করতে বাড়িগুলোর সহনশীলতা উন্নত করতে সহায়তা করবে।

## আবাসন পুনরুদ্ধার এবং ব্যয় পরিশোধ

এই কর্মসূচি আবাসিক বাড়িগুলোর ঝড়ের কারণে হওয়া ক্ষয়ক্ষতি মেরামতের জন্য এবং সম্পন্ন হওয়া মেরামতের ব্যয় পরিশোধের জন্য বিনিয়োগ করবে। এছাড়াও এটি সহনশীলতা বৃদ্ধির পদক্ষেপসমূহ গ্রহণ করবে যেমন মেকানিক্যাল ব্যবস্থা উন্নত করা, ইলেক্ট্রিক্যাল ও প্লাম্বিং প্রশমন, বন্যার পানি চলাচলের জন্য ভেন্ট, ও ব্যাকফ্লো ভালভের ব্যবস্থা করা।

## সাশ্রয়ী আবাসনের সহনশীলতা

এই কর্মসূচি বহু পরিবার ভিত্তিক সরকারি ও সাশ্রয়ী আবাসন কমপ্লেক্সগুলোতে বন্যা মোকাবেলার পদক্ষেপসমূহ এবং সহনশীলতা উন্নয়নের জন্য, এবং পাশাপাশি উপযুক্ত ক্ষেত্রে সাশ্রয়ী আবাসন সম্প্রসারণের জন্য বিনিয়োগ করবে। প্রকল্পগুলোর মধ্যে বন্যা প্রতিরোধী ভবন, ইমার্জেন্সি জেনারেটর, পানি সংরক্ষণ ব্যবস্থা, এবং ড্রেনেজ উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে।

## সহনশীলতার জন্য বিনিয়োগ

এই কর্মসূচি প্রশমন ও অবকাঠামোর সহনশীলতা উন্নয়নের জন্য বাড়তি তহবিল পাওয়ার সুযোগ আরো ভালোভাবে কাজে লাগাতে স্থানীয় সরকারগুলোতে বিনিয়োগ করবে। এছাড়াও এটি কমিউনিটিগুলোকে ভবিষ্যতের দুর্যোগের ঘটনাগুলো মোকাবেলার জন্য আরো ভালোভাবে

প্রস্তুত থাকতে সাহায্য করার জন্য জরুরি অবস্থার পরিকল্পনা ও অধ্যয়ন তৈরি করতে সহায়তা করবে।

**সিনেটর চার্লস ই. স্কুমার বলেন,** "ঘূর্ণিঝড় আইডা নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিগুলোতে বিধ্বংসী আঘাত হেনে সড়ক, ব্যবসা প্রতিষ্ঠান, ও কয়েক শতাধিক বাড়ির কয়েক মিলিয়ন ডলারের ক্ষয়ক্ষতি করেছে। নিউ ইয়র্ক সিটি এবং হাডসন ভ্যালির পরিবার ও কমিউনিটিগুলোকে তাদের পুনরুদ্ধার এবং আরো শক্তিশালী হয়ে পুনর্নির্মাণের ক্ষেত্রে সহায়তা করার জন্য কয়েক মিলিয়ন ডলারের ফেডারেল তহবিল সংগ্রহ করতে আমি প্রচণ্ড লড়াই চালিয়ে গিয়েছি। আমাদের কমিউনিটিগুলোকে আরো শক্তিশালী করে তুলতে এবং লোকজনকে পুনরুদ্ধারের পথে এগিয়ে যেতে সাহায্য করার জন্য এসব ডলার কাজে লাগানোয় আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

**রিপ্রেজেন্টেটিভ গ্রেগরি মিকস বলেন,** "ঘূর্ণিঝড় আইডা এবং আমার ডিস্ট্রিক্ট ও নিউ ইয়র্ক স্টেটজুড়ে আঘাত হানা অতীতের ভয়াবহ ঝড়গুলো জলবায়ু সংকটের বিধ্বংসী প্রভাবের বিষয়টি সুস্পষ্ট করে দিয়েছে। কমিউনিটিগুলোকে ঘূর্ণিঝড় আইডার ক্ষয়ক্ষতি থেকে পুনর্নির্মাণ ও পুনরুদ্ধারের জন্য সাহায্য করতে ফেডারেল তহবিল বরাদ্দ করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি। ঝড় মোকাবেলার সহনশীলতামূলক প্রচেষ্টাগুলোতে বিনিয়োগ করা এবং চরম বিরূপ আবহাওয়ার প্রভাবসমূহ প্রশমিত করবে এমন শক্তিশালী পরিবেশগত নীতিমালা বাস্তবায়ন করা অব্যাহত রাখা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

**রিপ্রেজেন্টেটিভ সিয়ান প্যাট্রিক ম্যালোনি বলেন,** "ঘূর্ণিঝড় আইডা হাডসন ভ্যালিতে একটি বিধ্বংসী আঘাত হেনেছিল, যার ফলে আমাদের অঞ্চলের 11,000 এরও বেশি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। গত এক বছর ধরে, আমি পুনর্নির্মাণের জন্য বাড়তি তহবিল ও সহায়তা সংগ্রহ করতে কাজ করে যাচ্ছি, এবং সরবরাহ করার জন্য আমার ভোট দেওয়া এসব ফেডারেল সংস্থান পুনর্নির্মাণ ও পুনরুদ্ধারের জন্য কাজে লাগানোয় আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ। জলবায়ু পরিবর্তনের ফলে এধরনের ঝড়গুলো যখন আরো বেশি প্রতিনিয়ত হয়ে উঠছে এমন এক সময়ে, শক্তিশালী কমিউনিটি গড়ে তোলা আরো বেশি গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।"

**ওয়েস্টচেস্টার কাউন্টির এক্সিকিউটিভ জর্জ ল্যাটিমার বলেন,** "জলবায়ু পরিবর্তন একটি বাস্তব বিষয় এবং ওয়েস্টচেস্টার কাউন্টিতে এটি এখনি ঘটছে। নিউ ইয়র্কের ঘূর্ণিঝড় আইডা থেকে পুনরুদ্ধারের জন্য সহায়তা করার ক্ষেত্রে তার নেতৃত্বের জন্য, এবং অবকাঠামো উন্নয়নের প্রচেষ্টা গ্রহণ, বিশেষ করে ঐতিহাসিক কাল থেকে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোকে অগ্রাধিকার প্রদান করা এবং ভাড়াটিয়াদের পাশাপাশি বাড়ির মালিকদের দিকেও নজর দেওয়ার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলের প্রশংসা করি। এখানে ওয়েস্টচেস্টার কাউন্টিতে আমাদের অধিবাসীরা ঝড়ের বেদনাদায়ক ও ক্ষতিকর প্রভাব সম্পর্কে খুব ভালোভাবেই অবগত আছেন, এবং তাই ভবিষ্যতের ঝুঁকিসমূহ কমিয়ে আনতে আমাদের জন্য সহনশীলতা উন্নত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

**গভর্নরের অফিস অব স্টর্ম রিকভারি সম্পর্কে**

2013 সালের জুন মাসে প্রতিষ্ঠিত, GOSR সমগ্র স্টেটে সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিক্যাল স্টর্ম লিয়ের পুনরুদ্ধার কাজের সমন্বয়সাধন করেছে। এছাড়া GOSR অতি সম্প্রতি ঘূর্ণিঝড় আইডা থেকে পুনরুদ্ধার এবং সহনশীলতা বৃদ্ধির প্রচেষ্টাসমূহের মধ্যে সমন্বয় করছে।

আবাসন পুনরুদ্ধার, ক্ষুদ্র ব্যবসা, কমিউনিটি পুনর্নির্মাণ, অবকাঠামো, জাতীয় দুর্যোগ সহনশীলতা, এবং নকশা অনুযায়ী পুনর্নির্মাণ (Rebuild by Design) ইত্যাদি কর্মসূচির মধ্য দিয়ে GOSR নিউ ইয়র্ককে চরম বিরূপ আবহাওয়ার জন্য আরো ভালোভাবে প্রস্তুত করে তুলতে ফেডারেল কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্র্যান্ট ডিজাস্টার রিকভারি তহবিলে 4.5 বিলিয়ন ডলার বিনিয়োগ করছে। এছাড়াও GOSR সহনশীলতা বৃদ্ধির উদ্যোগগুলো বাস্তবায়নের জন্য কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লক গ্র্যান্ট-করোনা ভাইরাস (Community Development Block Grant-Coronavirus, CDBG-CV) তহবিল কাজে লাগাচ্ছে, যার মধ্যে সিটির পয়ঃনিষ্কাশন সংকটের দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া বাড়িগুলো মেরামতের জন্য মাউন্ট ভার্নন হেলদি হোমস (Mount Vernon Healthy Homes) পাইলট কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে। GOSR এবং এর কর্মসূচিসমূহের ব্যাপারে আরো তথ্য উপলভ্য আছে http://stormrecovery.ny.gov/এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418